17

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 JUN 1997
পৃষ্ঠা ৪ কলাম ৪

## স্কুল-কলেজ ছয় মাস বন্ধ থাকা প্রসঙ্গে

গত ২১/৫/৯৭ ইং তারিখে দৈনিক ইত্তেফাকে উপরোক্ত বিষয়টির উপর যে প্রতিবেদন প্রকাশিত হইয়াছে তাহার সহিত একজন অভিভাবক হিসাবে আমি একমত। পাশাপাশি সন্তানের ভবিষ্যৎ নিয়াও উদ্বিগ্ন। অনেক শখ করিয়া আমার ছেলেকে মৌলভীবাজার জেলা শহরের একমাত্র সরকারী বালক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি করাইয়াছিলাম। স্কুলগামী করাইবার আপ্রাণ চেষ্টা থাকা সত্ত্বেও বর্তমান বৎসরের পাঁচ মাসের মধ্যে মাত্র ২৩ দিন আমার ছেলেকে স্কুলে পাঠাইবার সুযোগ পাইয়াছি। বাকী দিনগুলি ভর্তি প্রক্রিয়া, দুই ঈদ, গ্রীষ্মকালীন ছুটি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার কারণে স্কুল বন্ধ থাকিয়াছে। শুনিতেছি, কোর্স শেষ না করিয়াই আগামী মাসে ১ম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

শিক্ষাব্যবস্থার এই ধরনের অবক্ষয় হইতে জাতিকে উদ্ধার করা অবশ্যই প্রয়োজনীয় হইয়া পড়িয়াছে। এখন সময় আসিয়াছে প্রস্তাবিত শিক্ষা নীতিতে বৎসরের কতদিন স্কুল খোলা থাকিবে তাহার একটি রূপরেখা প্রস্তুতের। আমলাতান্ত্রিক নির্দেশনায় যখন তখন স্কুল বন্ধ ঘোষণার প্রবণতাকে অবশ্যই রুখিতে হইবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়ও যাহাতে স্কুল-কলেজ চালু রাখা যায় সেই পথ ও পদ্ধতি উদ্ভাবন করিতে হইবে।

মাননীয় শিক্ষামন্ত্রীকে এই দিকটায় আশু নজর দেওয়ার জন্য বিনীত অনুরোধ করিতেছি।

—জনৈক অভিভাবক।